**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়,**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

**ঢাকা, শুক্রবার ১৫ জুলাই ২০১৬, ৩১ আষাঢ় ১৪২৩**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। প্রধানমন্ত্রীকে মঙ্গোলিয়ায় লাল গালিচা সংবর্ধনা
২। ব্রিটিশ প্রধানমন্ত্রীকে প্রধানমন্ত্রী শেখ হাসিনার অভিনন্দন
৩। ইতালির ট্রেন দুর্ঘটনায় প্রাণহানীতে প্রধানমন্ত্রীর শোক
৪। আগামী ১০ বছর বিশ্ব অর্থনীতির প্রবৃদ্ধিতে নেতৃত্ব দেবে বাংলাদেশ
৫। চলতি অর্থবছরে রপ্তানির লক্ষ্যমাত্রা ৩৭ বিলিয়ন ডলার : বাণিজ্যমন্ত্রী
৬। জঙ্গি হামলায় জনশক্তি রপ্তানিতে প্রভাব পড়বে না : প্রবাসী কল্যাণমন্ত্রী
চলতি বছর সাড়ে সাত লাখ লোকের বিদেশে কর্মসংস্থান হবে
৭। সন্ত্রাস মোকাবিলায় একসঙ্গে কাজ করবে বাংলাদেশ-যুক্তরাষ্ট্র : তথ্যমন্ত্রী
৮। মেট্রোরেল প্রকল্পে গুলশান হামলার প্রভাব পড়বে না : সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী
৯। সব মসজিদে একই খুতবা অনুসরণের আহ্বান ইসলামিক ফাউণ্ডেশনের
১০। আগামীকাল সরকারি অফিস খোলা
১১। আগামীকাল ২ কোটির বেশি শিশুকে খাওয়ানো হবে ভিটামিন ‘এ’ ক্যাপসুল
১২। আগামী ১ সেপ্টেম্বর থেকে ৩৬তম বিসিএস লিখিত পরীক্ষা

চলমান পাতা-২

১। **প্রধানমন্ত্রীকে মঙ্গোলিয়ায় লাল গালিচা সংবর্ধনা**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা **১১**তম এশিয়া-ইউরোপ শীর্ষ সম্মেলনে (আসেম) যোগদানের জন্য তিন দিনের সরকারি সফরে গতকাল **১৪** জুলাই বৃহস্পতিবার সন্ধ্যায় উলানবাটোর পৌঁছালে তাকে লালগালিচা সংবর্ধনা দেয়া হয়। মঙ্গোলিয়ার রাজধানী উলানবাটোরের শাংরিলা হোটেলে দুই দিনব্যাপী এই সম্মেলন শুরু হবে। প্রধানমন্ত্রী ও তার সফরসঙ্গীদের বহনকারী বাংলাদেশ এয়ারলাইন্সের ভিভিআইপি ফ্লাইটটি স্থানীয় সময় সন্ধ্যা ৭টা ৩০ মিনিটে উলানবাটোরের চেঙ্গিস খান আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করে। মঙ্গোলিয়ায় বাংলাদেশের রাষ্ট্রদূত ফজলুল করিম এবং মঙ্গোলিয়ার প্রেসিডেন্টের চিফ অফ স্টাফ ও অ্যাম্বাসেডর এট লার্জ পি. সাগান বিমানবন্দরে প্রধানমন্ত্রীকে ফুলের তোড়া দিয়ে অভ্যর্থনা জানান। পরে মঙ্গোলিয়ার সশস্ত্র বাহিনী প্রধানমন্ত্রীকে গার্ড অফ অনার প্রদান করে। প্রধানমন্ত্রীকে বিমানবন্দর থেকে আনুষ্ঠানিক মোটর শোভাযাত্রা সহকারে আসেম ভিলায় নিয়ে যাওয়া হয়। এ সফরকালে সেখানেই তিনি অবস্থান করবেন। প্রধানমন্ত্রী এই শীর্ষ সম্মেলনের উদ্বোধন অনুষ্ঠানে যোগদান করবেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা সম্মেলন স্থলে পৌঁছলে সেখানে তাকে স্বাগত জানাবেন মঙ্গোলিয়ার প্রেসিডেন্ট তাসখিয়াজিন এলবেগদর্জ। প্রধানমন্ত্রী শেখ হাসিনা শীর্ষ সম্মেলনের প্রথম ও দ্বিতীয় পূর্ণাঙ্গ অধিবেশনে অংশগ্রহণ করবেন এবং আসেম অংশীদারিত্ব ও যোগাযোগ বিষয়ে বক্তব্য রাখবেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.৬)। **সংবাদ, ইত্তেফাক, যুগান্তর, জনকণ্ঠ, ইনকিলাব, প্রথম আলো, ইন্ডিপেনডেন্ট, যায়যায়দিন, নিউজ টুডে, ডেইলি স্টার, ডেইলি সান, ফিনানশিয়াল এক্সপ্রেস**সহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

২। **ব্রিটিশ প্রধানমন্ত্রীকে প্রধানমন্ত্রী শেখ হাসিনার অভিনন্দন**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা যুক্তরাজ্যের নতুন প্রধানমন্ত্রী তেরেসা মে'কে অভিনন্দন জানিয়ে তার সুযোগ্য ও গতিশীল নেতৃত্বে বাংলাদেশ ও যুক্তরাজ্যের মধ্যকার বিদ্যমান সম্পর্ক আরো জোরদার হবে বলে আশা প্রকাশ করেছেন। যুক্তরাজ্যের প্রধানমন্ত্রীর কাছে পাঠানো এক অভিনন্দন বার্তায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, যুক্তরাজ্য ও উত্তর আয়ারল্যাণ্ডের প্রধানমন্ত্রী নিযুক্ত হওয়ায় আমি অত্যন্ত আনন্দের সঙ্গে আপনাকে অভিনন্দন জানাচ্ছি। প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, একজন নারী প্রধানমন্ত্রী হিসেবে যুক্তরাজ্যের নেতৃত্বে আপনাকে দেখে আমি আরও বেশি আনন্দিত। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬), **ইত্তেফাক** (পৃ.২,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.৬), **ডেইলি সান** (পৃ.২,ক.১)।

৩। **ইতালির ট্রেন দুর্ঘটনায় প্রাণহানীতে প্রধানমন্ত্রীর শোক**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ইতালির ভয়াবহ ট্রেন দুর্ঘটনায় গভীর শোক প্রকাশ করেছেন। ইতালির প্রধানমন্ত্রী মাতেও রেঞ্জির কাছে পাঠানো এক শোক বার্তায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, ট্রেন দুর্ঘটনায় ২৩ জন নিহত এবং বিপুলসংখ্যক লোক আহত হওয়ার খবরে আমি খুবই মর্মাহত। প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশ সরকার, জনগণ এবং তার ব্যক্তিগত পক্ষ থেকে নিহতদের পরিবারের সদস্যদের প্রতি সমবেদনা জানান। সূত্র-**সংবাদ** (পৃ.২,ক.৭), **ইত্তেফাক** (পৃ.২,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.৫), **নিউ নেশন** (পৃ.৩,ক.১)।

৪। **আগামী ১০ বছর বিশ্ব অর্থনীতির প্রবৃদ্ধিতে নেতৃত্ব দেবে বাংলাদেশ**

আগামী ১০ বছর বাংলাদেশসহ ১০ দেশের বাজার বিশ্ব অর্থনীতির প্রবৃদ্ধিতে নেতৃত্ব দেবে। যুক্তরাষ্ট্রের গবেষণা প্রতিষ্ঠান ফিচ গ্রুপের বিএমআই রিপোর্টে ভবিষ্যত প্রবৃদ্ধির নেতৃত্বের তালিকায় বাংলাদেশসহ ১০ দেশের নাম উঠে এসেছে। ফলে বিশ্বের অর্থনৈতিক প্রবৃদ্ধির নতুন চালিকাশক্তি হতে যাচ্ছে বাংলাদেশ। প্রতিবেদনে বলা হয়েছে, বাংলাদেশের রফতানিমুখী শিল্পখাত আর কয়েক বছরের মধ্যেই বিশ্বের অন্যতম উৎপাদন অঞ্চলে পরিণত হবে। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬), **প্রথম আলো** (পৃ.১,ক.৮)।

৫। **চলতি অর্থবছরে রপ্তানির লক্ষ্যমাত্রা ৩৭ বিলিয়ন ডলার : বাণিজ্যমন্ত্রী**

চলতি ২০১৬-২০১৭ অর্থবছরে ৩৭ বিলিয়ন মার্কিন ডলার রপ্তানির লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। গত অর্থবছর এ লক্ষ্যমাত্রা ছিল ৩৩ দশমিক ৫ বিলিয়ন ডলার। বছর শেষে অর্জিত হয়েছে ৩৪ দশমিক ২৪ বিলিয়ন

ডলার। অর্থাৎ রপ্তানি প্রবৃদ্ধি হয়েছে ৯ দশমিক ৭২ শতাংশ। গতকাল ১৪ জুলাই বৃহস্পতিবার সচিবালয়ে বাণিজ্য মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে রপ্তানি লক্ষ্যমাত্রা নির্ধারণ সংক্রান্ত সভায় সভাপতিত্ব করে এ তথ্য জানান বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। তিনি জানান, রপ্তানি ক্ষেত্রে বাংলাদেশের জন্য এটি একটি মাইলফলক। বর্তমান সরকার ২০২১ সালে বাংলাদেশের রপ্তানি আয় নির্ধারণ করেছে ৬০ বিলিয়ন ডলার। চলমান রপ্তানি বৃদ্ধির হার অব্যাহত থাকলে এ লক্ষ্যমাত্রা অর্জন করা কঠিন হবে না। মন্ত্রী রপ্তানি ক্ষেত্রে বিভিন্ন সমস্যা মোকাবেলা করে দেশের রপ্তানি বাণিজ্য বৃদ্ধির ধারা অব্যাহত রাখার জন্য রপ্তানিকারকদের ধন্যবাদ জানান। তিনি বলেন, বিগত দিনের মত আগামীতেও দেশের রপ্তানি বাণিজ্য বৃদ্ধির ক্ষেত্রে সব ধরনের সহযোগিতা দিবে সরকার। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **নিউ নেশন** (পৃ.১,ক.২), **ডেইলি সান** (পৃ.১,ক.২)।

**৬। জঙ্গি হামলায় জনশক্তি রপ্তানিতে প্রভাব পড়বে না : প্রবাসী কল্যাণমন্ত্রী**
**চলতি বছর সাড়ে সাত লাখ লোকের বিদেশে কর্মসংস্থান হবে**

চলতি বছর সাড়ে সাত লাখেরও বেশি লোকের বিদেশে কর্মসংস্থান হবে বলে জানিয়েছেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থানমন্ত্রী নুরুল ইসলাম বিএসসি। তিনি বলেন, গত অর্থবছরে বাংলাদেশ থেকে বিশ্বের বিভিন্ন দেশে মোট ৬ লাখ ৮৮ হাজার কর্মীর কর্মসংস্থান হয়েছে। আমরা আশা করছি বছর শেষে সাড়ে ৭ লাখের অধিক কর্মীর বিদেশে কর্মসংস্থান হবে। সাম্প্রতিক জঙ্গি হামলায় জনশক্তি রপ্তানিতে কোনো প্রভাব পড়বে না বলেও মনে করছেন তিনি। এছাড়া নারী কর্মীদের হয়রানির অভিযোগ তদন্তে বাংলাদেশ থেকে দুটি প্রতিনিধিদল সৌদি আরব ও লেবানন যাচ্ছে বলেও জানিয়েছেন মন্ত্রী। গতকাল ১৪ জুলাই বৃহস্পতিবার মন্ত্রণালয়ে এক সংবাদ সম্মেলনে মন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১) **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৪), **ডেইলি স্টার** (শেষ পৃ.,ক.৮), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৬)। **অবজারভার** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৭। সন্ত্রাস মোকাবিলায় একসঙ্গে কাজ করবে বাংলাদেশ-যুক্তরাষ্ট্র : তথ্যমন্ত্রী**

সাইবার অপরাধ, সন্ত্রাস মোকাবেলা, গণতন্ত্র রক্ষা ও টেকসই উন্নয়নকে এগিয়ে নিতে বাংলাদেশ-আমেরিকা একসঙ্গে কাজ করবে বলে জানিয়েছেন তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু। সচিবালয়ে গতকাল ১৪ জুলাই বৃহস্পতিবার বাংলাদেশে নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত মার্সিয়া স্টিফেনস ব্লুম বার্নিকাটের সঙ্গে বৈঠক শেষে তথ্যমন্ত্রী এ কথা জানান। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.৪), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৬), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৬), **নিউ নেশন** (পৃ.১,ক.৫)।

**৮। মেট্রোরেল প্রকল্পে গুলশান হামলার প্রভাব পড়বে না : সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, গুলশানের হলি আর্টিজান রেস্টুরেন্টে সন্ত্রাসী হামলার ঘটনায় চলমান মেট্রোরেল প্রকল্পের কাজে কোনো প্রভাব পড়বে না। গতকাল ১৪ জুলাই বৃহস্পতিবার রাজধানীর বাবু বাজার ব্রিজে বিআরটিএ পরিচালিত ভ্রাম্যমাণ আদালতের কার্যক্রম পরিদর্শন শেষে তিনি একথা জানান। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৯,ক.১), **নিউজ টুডে** (পৃ.২,ক.১)।

**৯। সব মসজিদে একই খুতবা অনুসরণের আহ্বান ইসলামিক ফাউণ্ডেশনের**

জাতীয় মসজিদ বায়তুল মোকাররমে আজ ১৫ জুলাই শুক্রবার 'অশান্তি জঙ্গিবাদ ও সন্ত্রাস সম্পর্কে সতর্কীকরণ' খুতবা পাঠ করা হবে। এই খুতবা দেশের সকল মসজিদে অনুকরণ ও অনুসরণের জন্য বিনীত অনুরোধ করেছে ইসলামিক ফাউণ্ডেশন। গতকাল ১৪ জুলাই বৃহস্পতিবার ইসলামিক ফাউণ্ডেশনের এক প্রেস বিজ্ঞপ্তিতে এ অনুরোধ জানানো হয়েছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **যুগান্তর** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৬), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৫)।

**১০। আগামীকাল সরকারি অফিস খোলা**

আগামীকাল ১৬ জুলাই শনিবার সরকারি অফিস ও শেয়ারবাজার খোলা থাকবে। ঈদের ছুটি শুরুর আগে ৪ জুলাই প্রধানমন্ত্রীর বিশেষ বিবেচনায় ছুটি কাটানোর পরিপূরক ব্যবস্থা হিসেবে এই দিনে অফিস খোলা রাখার নির্দেশ দেওয়া হয়। গতকার ১৪ জুলাই বুধবার এক তথ্য বিবরণীর মাধ্যমে আগামীকাল ১৬ জুলাই শনিবার অফিস খোলা রাখার কথা জানানো হয়েছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **প্রথম আলো** (পৃ.১৩,ক.১)।

**১১। আগামীকাল ২ কোটির বেশি শিশুকে খাওয়ানো হবে ভিটামিন 'এ' ক্যাপসুল**

আগামীকাল ১৬ জুলাই শনিবার দুই কোটিরও বেশি শিশুকে খাওয়ানো হবে ভিটামিন 'এ' ক্যাপসুল। দেশে শিশু মৃত্যু হ্রাস, অন্ধত্ব প্রতিরোধ এবং রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে সারাদেশে ছয় থেকে ৫৯ মাস বয়সী শিশুদের প্রাণরক্ষাকারী এই ভিটামিন 'এ' ক্যাপসুল খাওয়ানো হবে। পাশাপাশি ছয় মাসের কম বয়সী শিশুদের বুকের দুধ খাওয়ানোর বিষয়ে জনগণের কাছে সচেতনতামূলক বার্তাও পৌঁছানো হবে। সূত্র-**সংবাদ (**শেষ পৃ.,ক.৩**), অবজারভার** (শেষ পৃ.,ক.৭)**, নিউজ টুডে** (পৃ.৩,ক.২)**, ডেইলি সান** (পৃ.৩,ক.২)।

**১২। আগামী ১ সেপ্টেম্বর থেকে ৩৬তম বিসিএস লিখিত পরীক্ষা**

৩৬তম বিসিএসের প্রিলিমিনারীতে উত্তীর্ণদের লিখিত পরীক্ষা শুরু আগামী ১ সেপ্টেম্বর। গতকাল ১৪ জুলাই বৃহস্পতিবার সরকারি কর্ম কমিশনের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। এছাড়া পরীক্ষার বিস্তারিত সূচি পরে জানিয়ে দেওয়া হবে বলে জানিয়েছে কমিশন। সূত্র**–ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **সংবাদ** (শেষ পৃ.,ক.৫**), ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৯,ক.১)**, নিউজ টুডে** (পৃ.৩,ক.১)।

#

শুকলা/মরজিনা/রশীদ/আফরোজা/২০১৬/৯.০০ ঘণ্টা